

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.১৪২

তারিখ: ১৭ মাঘ ১৪২৮

৩১ জানুয়ারি ২০২২

বিষয়: সিলেট বিভাগে সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির নিমিত্ত ডিআরটিসির মাধ্যমে ১০০০ মে.টন সংগৃহীত আমন'২১-২২ সিদ্ধ চালের চলাচল সূচি জারির পূর্বানুমোদন প্রদান
সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট এর ৩১/০১/২০২২ খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.২৫০.৫০.০০১.২১-২৩৭ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৌলভীবাজার জেলার শ্রীমঞ্জল এলএসডিতে সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে খালি স্থান সৃষ্টির জন্য ১০০০ মে.টন আমন'২১-২২ সিদ্ধ চাল খালি জায়গা বিবেচনায় ভবিষ্যত বিলি বিতরণের লক্ষ্যে নিরাপদ মজুত গড়ে তোলার জন্য ছাতক এলএসডিতে চলাচল সূচি জারির পূর্বানুমোদন প্রদানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট কর্তৃক সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আমন'২১-২২ সংগ্রহ মৌসুমে ধান ও চাল সংগ্রহ কার্যক্রম সফল করার লক্ষ্যে গুদামে খালি জায়গা সৃষ্টির নিমিত্ত মৌলভীবাজার জেলার শ্রীমঞ্জল এলএসডি হতে ১০০০ মে.টন সদ্য সংগৃহীত আমন'২১-২২ সিদ্ধ চাল আপতকালীন মজুত গড়ে তোলার জন্য সুনামগঞ্জ জেলার ছাতক এলএসডিতে ডিআরটিসির মাধ্যমে সূচি জারির প্রস্তাবের অনুমোদন নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো:

সারণি-১ : সিলেট বিভাগে আমন'২০২১-২২ সিদ্ধ চালের চলাচল সূচির অনুমোদন

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---------|-------------|------------------|-------------|----------------|----------------|-----------------------------|---------|---------|
| ১. | মৌলভীবাজার | শ্রীমঞ্জল এলএসডি | সুনামগঞ্জ | ছাতক এলএসডি | ১০০০ | সংগৃহীত আমন'২১-২২ সিদ্ধ চাল | সড়ক পথ | |
| | | | | মোট = | ১০০০ | | | |

নির্দেশনাসমূহ:

(১) খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসরণপূর্বক উক্ত সূচি বাস্তবায়ন করতে হবে;

(২) পূর্বানুমোদনের আওতায় চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে;

(৩) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত

১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১৮/০৪/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারক ও ২৯/১১/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১২২৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে; এছাড়া আমন'২১-২২ চাল সরানোর প্রস্তাব প্রেরণ সম্পর্কিত জরুরি নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো;

(৪) এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্কেসিলের স্পষ্ট ছাপ দেওয়ার যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে;

(৫) এই পূর্বানুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১-২-২০২২

মোঃ ফজলে রাস্কী হায়দার

উপ-পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.১৪২/১(৮)

তারিখ: ১৭ মাঘ ১৪২৮

৩১ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সুনামগঞ্জ
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মৌলভীবাজার

১-২-২০২২

মোঃ ফজলে রাস্কী হায়দার

উপ-পরিচালক